

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৮.১৭.৯২

তারিখ: ২০ আশ্বিন ১৪২৯

০৫ অক্টোবর ২০২২

বিষয়: চট্টগ্রাম জেলাস্থ বন্দর থানাধীন দক্ষিণ হালিশহর মৌজা এলাকায় হাসপাতাল গেইট রোড সংলগ্ন বানোজা পতেজার দক্ষিণ-পশ্চিম পাশে বানোজা ঈসা খান ঘাঁটি সম্প্রসারণকল্পে আনুমানিক ০.৩৪ একর (কম/বেশি) ব্যক্তিমালিকানাধীন জমি নৌবাহিনীর অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ২৩.০২.১৫২৮.৩৪১.২২.৩০৬.২২.১০৫৫; তারিখ: ১০/০৮/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক চট্টগ্রাম জেলাস্থ বন্দর থানাধীন দক্ষিণ হালিশহর মৌজা এলাকায় হাসপাতাল গেইট রোড সংলগ্ন বানোজা পতেজার দক্ষিণ-পশ্চিম পাশে বানোজা ঈসা খান ঘাঁটি সম্প্রসারণকল্পে ০.৩৪ একর (কম/বেশি) ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণে অনাপত্তি পত্র প্রদানের জন্য আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

ক্রমিক	বিএস খতিয়ান নং	বিএস দাগ নং	অংশ	দাগে মোট জমি (একর)	প্রস্তাবিত জমি (একর)	জমির শ্রেণী	প্রস্তাবিত জমির মালিকানা (একর)	
							ব্যক্তি মালিকানাধীন	খাস
১।	৭৬০	১২১৫৫	পূর্ণ	০.১৭	০.১৭	নাল	০.১৭	-
২।	৭৬০	১২১৫৬	পূর্ণ	০.১৭	০.১৭	নাল	০.১৭	-
মোট জমির পরিমাণ=				০.৩৪	০.৩৪	-	০.৩৪	-

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত জমিতে ০৬টি টিনশেড বসতবাড়ি, ০১ টি টিনশেড দোকানঘর ও ০১ টি নীচু ডোবা রয়েছে। প্রস্তাবিত জমির উত্তরে পাকা রাস্তা, বিদ্যুৎ লাইন ও বহুতলা বিশিষ্ট বসতবাড়ি, দক্ষিণে প্রায় ৪০ ফুট চওড়া পাকা রাস্তা, হাসপাতাল, পশ্চিমে বহুতলা বিশিষ্ট বসতবাড়ি রয়েছে। উল্লেখ্য যে, প্রস্তাবিত জমিতে মসজিদ, মন্দির, কবরস্থান, ঈদগাহ মাঠ, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১; Google Map, সংযুক্তি-০২)।

**Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan** অনুযায়ী চাহিতব্য জমিটির প্রস্তাবিত ভূমি ব্যবহার হলো **Mixed Use (Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan** অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার।, সংযুক্তি-০৩)।

এমতাবস্থায়, জনস্বার্থে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক চট্টগ্রাম জেলাস্থ বন্দর থানাধীন দক্ষিণ হালিশহর মৌজা এলাকায় হাসপাতাল গেইট রোড সংলগ্ন বানোজা পতেজার দক্ষিণ-পশ্চিম পাশে বানোজা ঈসা খান ঘাঁটি সম্প্রসারণকল্পে প্রস্তাবিত জমিতে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ০.৩৪ একর জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

### শর্তাবলী

- (১) প্রত্যাক্ষী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রয়োজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) প্রস্তাবিত জমির অভ্যন্তরে বিদ্যমান পুকুর সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৩) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৪) প্রস্তাবিত জমির চারপাশে জনসাধারণের স্বাভাবিক চলাচল বাধাগ্রস্ত করা যাবে না।

(৫) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর Landuse Plan বি.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় বি.এস ম্যাপই বিবেচ্য হবে।

(৬) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণে অনাপত্তি পত্র সংগ্রহ এবং প্রদত্ত শর্তাবলী (যদি থাকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তিঃ

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

০২. প্রস্তাবিত এলাকার Google Map

০৩. Detail Area Plan for Chittagong Metropolitan Master Plan অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার।

০৪. প্রস্তাবিত জমি চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ।



৫-১০-২০২২

আহমেদ আখতারুজ্জামান

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৮৪৯৩১

ইমেইল: akhtar\_udd@yahoo.com

কমান্ডার, চট্টগ্রাম নৌ অঞ্চল, নিউমুরিং, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৮.১৭.৯২/১(৮)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৯

০৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) ক্যাপ্টেন বিএন, , চট্টগ্রাম নৌ অঞ্চল, নিউমুরিং, চট্টগ্রাম।
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৫-১০-২০২২

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার